তারিখ · 2 6 · JAN · 2016 ·
পৃ. ··· ৫ ··· কলাম ··· ৬ ·

সংবাদ

### ঈশ্বরগঞ্জে দুটি হত্যাকাণ্ডের জের

# অর্ধশতাধিক শিক্ষার্থীর পড়ালেখা অনিশ্চিত

প্রতিনিধি, ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে পৃথক দুটি খুনের ঘটনার জের হিসেবে ৮ পরিবারের বাড়ি ঘরে হামলা লুটপাটের তাণ্ডবের ফলে শতাধিক নারী-পুরুষ প্রাণ ভয়ে পালিয়ে বেড়াছে। এ ঘটনার কবলে পড়ে অর্ধশতাধিক শিক্ষার্থীর শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। জানা যায় উপজেলার রাজিপুর ইউনিয়নের ভাটি চরনওপাড়া গ্রামে দুই পরিবারের পূর্ব বিরোধের জের ধরে আব্দুল হক ও মনসুর আলী ফকিরের পরিবারের মাঝে সংঘর্ষে ৪ জুলাই আব্দুল হক ও ২৪ জুলাই ছফির উদ্দিন খুন হয়।

**পুলিশ এবং প্রতিপক্ষের ভয় আতঙ্কে শতাধিক লোক বাড়ি ঘর ছেড়ে পালিয়ে বেড়াচ্ছেন**

আব্দুল হক খুনের খবর পেয়ে তার পরিবারের বিক্ষোব্ধ লোকজন মুনসুর আলী ফকিরসহ তার পরিবারের আবুল কাসেম, সাহেদ আলী, রফিকুল, নুরুল আমিন, নাসির উদ্দিন, স্বপন ও আয়াতুলের বাড়ি ঘরে হামলা চালিয়ে ভাঙচুর করে মালামাল লুট করে নেয়। সরেজমিন গিয়ে দেখা যায় ওই পরিবারগুলোর আবাসস্থল এখন ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। এখনও দুর্বৃত্তরা প্রকাশ্যে এ সব বাড়ি থেকে গাছপালা কেটে নিয়ে যাচ্ছে। এ দু'হত্যা কাণ্ডের ঘটনায় পুলিশ এবং প্রতি পক্ষের ভয় আতঙ্কে শতাধিক লোক বাড়ি ঘর ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে। আর এসব পবিবারের কোমলমতি শিক্ষার্থীরা তাদের বাড়িতে থাকতে না পাড়ায় স্কুলে পড়ালেখা করতে পারেনি এবং গত বার্ষিক পরীক্ষায়ও অংশগ্রহণ করতে পারেনি। এদের মাঝে রাজিবপুর আফতাব উদ্দিন উচ্চবিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্র এরশাদ আলী, রুপন মিয়া, রিফা আক্তার, ৭ম শ্রেণীর কামাল মিয়া, ষষ্ঠ শ্রেণীর লিপি আক্তার, কহিনূর বেগম, ইসলাম উদ্দিন, তানজিনা বেগম, ১০ম শ্রেণীর খুরম মিয়া, ফেরদোসী বেগম, ভাটি চর নওপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর- ছাত্রী ফলি আক্তার, ১ম শ্রেণীর রাব্বি মিয়া, ২য় শ্রেণীর আশেক মিয়া, আলিনগর কারিগরি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র ফয়সাল মিয়া। এতে তাদের শিক্ষা জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। এ সম্পকে ভাটি চরনওপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক চাঁন মিয়া, দক্ষিণ ভাটি চনওপাড়া সরকারি প্রার্থমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহববুর রহমান, রাজিপুর আফতাব উদ্দিন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক উমর ফারুক আকন্দ জানান খুনের ঘটনার কারণে এসব ছাত্রছাত্রী শিক্ষা থেকে বঞ্চিত হবে এটা কোন অবস্থাতেই কাম্য নয়। এ সকল শিক্ষার্থীর স্কুলে আসার মতো পরিবেশ সৃষ্টি করে দেয়ার জন্য তারা শিক্ষামন্ত্রীর দৃষ্টি কামনা করছেন।